# শিশুদের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজের তালিকা



চাইল্ড লেবার ইউনিট
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গ্রন্থাগার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

# শিশুদের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজের তালিকা

চাইল্ড লেবার ইউনিট
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

www.mole.gov.bd
www.clu-mole.gov.bd

৫ মার্চ, ২০১৩

# মুখবন্ধ

জাতীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশ সরকারের অঙ্গীকারের ধারাবাহিকতায় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় শিশুদের জন্য ঝুঁকিপূর্ণ কাজের তালিকা প্রণয়নের পদক্ষেপ গ্রহণ করে। দীর্ঘ সময় বিভিন্ন সভা, সেমিনার ও কর্মশালায় পর্যালোচনার মাধ্যমে শিশুদের জন্য ঝুঁকিপূর্ণ কাজের খসড়া তালিকা প্রণয়ন করা হয়। সংশ্লিষ্ট মালিক ও শ্রমিক সংগঠনসমূহের প্রতিনিধিসহ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার প্রতিনিধিগণ এ কাজে সরাসরি অংশগ্রহণ করেন। সুধী মহলের সুপারিশ ও দেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপট বিবেচনায় প্রাথমিকভাবে ৩৬টি কাজকে শিশুদের শারীরিক, মানসিক ও নৈতিক বিকাশে অন্তরায় হিসেবে চিহ্নিত করা হয়।

ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদের ৫২তম সভার সুপারিশ মোতাবেক তালিকাটি বাংলায় প্রণয়ন করা হয়। ২০১২ সালের নভেম্বর মাসে এক আন্তঃমন্ত্রণালয় সভায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের মতামত পর্যালোচনাপূর্বক আরো দু'টি কাজ অন্তর্ভুক্ত করে ৩৮টি কাজের তালিকা চূড়ান্ত করা হয়। পরবর্তীতে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সুপারিশ মোতাবেক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬-এর সাথে সামঞ্জস্য রেখে "অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজ"-এর তালিকার এসআরও জারী করা হয়।

তালিকাটি চূড়ান্তকরণের বিভিন্ন পর্যায়ে আন্তর্জাতিক শ্রম সংস্থা কারিগরি সহায়তা প্রদান করেছে। শিশুশ্রম নিরসনের সাথে সংশ্লিষ্ট সকলে গুরুত্বপূর্ণ মতামত প্রদানের মাধ্যমে এ কাজে সহযোগিতা করেছেন। তাঁদের প্রয়াসকে আমরা ধন্যবাদ জানাই। প্রণীত এ তালিকা দেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে সংশ্লিষ্ট সকলের সাথে পর্যালোচনা করে ভবিষ্যতে আরো সমৃদ্ধ করার প্রয়োজন রয়েছে। যথা সময়ে এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

আজকের শিশুরাই আগামী দিনে জাতির কর্ণধার। দেশের সকল শিশুর নিরাপদ শৈশব নিশ্চিত করে তাঁদেরকে সুশিক্ষিত ও সুনাগরিক হিসেবে গড়ে তোলা আমাদের সকলের দায়িত্ব। এ লক্ষ্য সামনে রেখে শিশুদের জন্য ঝুঁকিপূর্ণ কাজসমূহ সুনির্দিষ্ট করা হয়েছে। আশা করছি পুস্তিকা আকারে প্রণীত তালিকাটি সংশ্লিষ্ট সকলের প্রয়োজন মেটাতে সক্ষম হবে।

**মিকাইল শিপার**

সচিব

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

# প্রজ্ঞাপন

তারিখ ঃ ২১ ফাল্গুন ১৪১৮ বঙ্গাব্দ/ ৫ মার্চ ২০১৩ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং ৬৫-আইন/২০১৩**।–বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ৪০ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজের নিম্নরূপ তালিকা প্রকাশ করিল, যথা–

## অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজের তালিকা

| ক্রমিক নং | পেশার ধরন বা ক্ষেত্র | অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজ | শারীরিক, মানসিক ও পারিপার্শ্বিক প্রভাব |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | এ্যালুমিনিয়াম ও এ্যালুমিনিয়ামজাত দ্রব্যাদি তৈরী (Manufacturing of aluminum products)। | (ক) এ্যালুমিনিয়াম পুনঃপ্রক্রিয়াকরণ ও নতুন এ্যালুমিনিয়াম সামগ্রী তৈরী, ডাইস ও ছাঁচ ব্যবহার করা;<br>(খ) ধাঁরালো, ভারী ও ঘূর্ণায়মান যন্ত্রপাতি ব্যবহার করা;<br>(গ) দীর্ঘ সময় শব্দের মধ্যে কাজ করা;<br>(ঘ) সারাক্ষণ বদ্ধ পরিবেশে কাজ করা;<br>(ঙ) গরম ও উত্তাপে কাজ করা; এবং<br>(চ) এ্যালুমিনিয়াম গুড়ার মধ্যে কাজ করা। | (ক) নিউমোনিয়া;<br>(খ) কাশি;<br>(গ) রক্ত কাশি<br>(ঘ) আঙ্গুলে দাঁদ (এ্যাকজিমা);<br>(ঙ) দুর্ঘটনা জনিত দৈহিক ক্ষত;<br>(চ) আঙ্গুলে গ্যাংগ্রিন;<br>(ছ) পায়ের রগ ফুলিয়া যাওয়া;<br>(জ) শিরায় রক্ত জমাট বাঁধা; এবং<br>(ঝ) শ্রবণশক্তি লোপ পাওয়া। |
| ২। | অটোমোবাইল ওয়ার্কশপ (Automobile Workshop। | (ক) সিনিয়র কারিগরদের সহযোগী হিসাবে কাজ করা;<br>(খ) বিভিন্ন যন্ত্রপাতি ব্যবহার করা;<br>(গ) অস্বাস্থ্যকর বা বিপদজনক পরিবেশে কাজ করা;<br>(ঘ) পাইপের সাহায্যে মুখ দিয়ে পেট্রোল বা ডিজেল টানিয়া লওয়া;<br>(ঙ) গ্রীজ, কেরোসিন, মবিল ব্যবহার করা; এবং<br>(চ) নিরাপত্তা সরঞ্জাম ছাড়া গাড়ীর নিচে কাজ করা। | (ক) দুর্ঘটনা জনিত দৈহিক আঘাত;<br>(খ) ঘষাজনিত চামড়ার প্রদাহ;<br>(গ) হাতে গ্যাংগ্রিন;<br>(ঘ) শ্বাস নালীর সংক্রমণ (ব্রংকিউলাইটিস);<br>(ঙ) দেহে সীসা প্রবেশজনিত বিষক্রিয়া; এবং<br>(চ) হাঁপানি (এ্যাজমা)। |

| ক্রমিক নং | পেশার ধরন বা ক্ষেত্র | অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজ | শারীরিক, মানসিক ও পারিপার্শ্বিক প্রভাব |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৩। | ব্যাটারী রি-চার্জিং (Battery re-charging)। | ক্ষতিকর অক্সাইড, কার্বন ও বিদ্যুতের সংস্পর্শে কাজ করা। | (ক) ফুসফুসে পানিজমা;<br>(খ) কাশি, নিউমোনিয়া, ফুসফুসে সংক্রমণ;<br>(গ) দুর্ঘটনা জনিত আঘাত;<br>(ঘ) হাতে গ্যাংগ্রিন ও এলার্জি;<br>(ঙ) ঘষাজনিত চামড়ার প্রদাহ; এবং<br>(চ) হাতে ক্ষত। |
| ৪। | বিড়ি ও সিগারেট তৈরী (Manufacturing of Bidi and Cigarette)। | (ক) তামাক শুকানো ও প্রক্রিয়াকরণ করা;<br>(খ) বিড়ি বানানো ও মোড়ক তৈরী করা;<br>(গ) অস্বাস্থ্যকর পরিবেশে দীর্ঘ সময় কাজ করা;<br>(ঘ) তামাকের গুড়া ও নিকোটিনের সরাসরি সংস্পর্শে কাজ করা; এবং<br>(ঙ) শ্বাস-প্রশ্বাসের মাধ্যমে একনাগাড়ে ক্ষতিকর পদার্থ গ্রহণ করা। | (ক) ফুসফুসের রোগ;<br>(খ) পাকস্থলিতে ঘা;<br>(গ) উচ্চ রক্তচাপ;<br>(ঘ) হৃদরোগ ও হৃদরোগ জনিত শারীরিক সমস্যা এবং<br>(ঙ) শারীরিক ও মানসিক বৃদ্ধি ব্যাহত। |
| ৫। | ইট বা পাথর ভাঙ্গা (Brick or Stone breaking)। | (ক) কাজের সময় শ্বাস-প্রশ্বাসের মাধ্যমে ইট ও পাথর গুড়া গ্রহণ করা;<br>(খ) সরাসরি সূর্যের তাপে দীর্ঘক্ষণ কাজ করা;<br>(গ) অস্বাস্থ্যকর পরিবেশে কাজ করা; এবং<br>(ঘ) ভারী যন্ত্রপাতি উঠানো-নামানো। | (ক) দুর্ঘটনা জনিত দৈহিক আঘাত;<br>(খ) হাত ও আঙ্গুল ছিলিয়া যাওয়া;<br>(গ) সর্দি কাশি ও ফুসফুসে প্রদাহ;<br>(ঘ) শ্রবণশক্তি হ্রাস পাওয়া; এবং<br>(ঙ) দৃষ্টিশক্তি হ্রাস পাওয়া। |

| ক্রমিক নং | পেশার ধরন বা ক্ষেত্র | অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজ | শারীরিক, মানসিক ও পারিপার্শ্বিক প্রভাব |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৬। | ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ বা লেদ মেশিন (Engineering workshop including lathe-machine)। | (ক) লোহা কাটা ও গলানোর কাজ করা;<br>(খ) গলানো লোহা দিয়ে কাঠামো তৈরী করা;<br>(গ) ক্ষুদ্র যন্ত্রাংশের জন্য ছাঁচ ও ব্লক তৈরী করা;<br>(ঘ) অতি দ্রুত গতির ঘূর্ণায়মান মেশিন ও কম্পমান যন্ত্রপাতি ব্যবহার করা; এবং<br>(ঙ) গরম ও জলন্ত ধাতব কণা ও ধুলাবালির সংস্পর্শে কাজ করা । | (ক) দুর্ঘটনাজনিত আঘাত;<br>(খ) বাত ও বাতজনিত কারণে পায়ের জয়েন্ট ফুলিয়া যাওয়া;<br>(গ) পায়ের শিরা ফুলিয়া যাওয়া;<br>(ঘ) শিরায় রক্তজমাট বাধা;<br>(ঙ) চোখের প্রদাহ;<br>(চ) চোখের পানি পড়া; এবং<br>(ছ) দৃষ্টি শক্তির সমস্যা। |
| ৭। | কাঁচ ও কাঁচের সামগ্রী তৈরী (Manufacturing of glass & glass products)। | (ক) ভাংগা কাঁচের টুকরা পরিষ্কার ও গুড়া করা;<br>(খ) কাঁচ গলানো ও বিভিন্ন কাঁচের দ্রব্য তৈরীর জন্য গলানো কাঁচ ছাঁচে ঢালা; এবং<br>(গ) তীব্র গরম ও উচ্চ শব্দের সংস্পর্শে কাজ করা। | (ক) দুর্ঘটনা জনিত আঘাত;<br>(খ) অসহ্য খুসখুসে কাশি;<br>(গ) ঘন আঠাযুক্ত কাশি;<br>(ঘ) রক্ত কাশি;<br>(ঙ) শ্বাসকষ্ট;<br>(চ) ক্ষুধামন্দা;<br>(ছ) জ্বর;<br>(জ) হাড়ে ব্যথা;<br>(ঝ) মাথা ব্যথা;<br>(ঞ) বমি বমি ভাব; এবং<br>(ট) শারীরিক ও মানসিক বৃদ্ধি ব্যাহত হওয়া। |
| ৮। | ম্যাচ তৈরী (Manufacturing of matches)। | (ক) রাসায়নিক দ্রব্যাদি (কার্বন, ফসফরাস), গ্লু ও কাঠের টুকরা লইয়া কাজ করা;<br>(খ) বিভিন্ন রাসায়নিক দ্রব্যাদি ও কাঠের গুড়ার সংস্পর্শে কাজ করা; এবং<br>(গ) অস্বাভাবিক ভঙ্গিমায় স্বল্প পরিসরে দীর্ঘ সময় কাজ করা। | (ক) ঘষাজনিত চামড়ার প্রদাহ;<br>(খ) আঙ্গুলে ঘা;<br>(গ) গিরায় ব্যথা;<br>(ঘ) বাত ও বাতজনিত কারণে বিকৃতি, এবং<br>(ঙ) শ্বাসতন্ত্রের রোগ। |

| ক্রমিক নং | পেশার ধরন বা ক্ষেত্র | অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজ | শারীরিক, মানসিক ও পারিপার্শ্বিক প্রভাব |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৯। | প্লাস্টিক বা রাবার সামগ্রী তৈরী (Manufacturing of plastic or rubber products) | (ক) প্লাষ্টিক ও রাবার গলানো;<br>(খ) বিভিন্ন ধরনের ছাঁচের মধ্যে গলানো দ্রব্যাদি ঢালা;<br>(গ) শ্বাস-প্রশ্বাসের মাধ্যমে বিভিন্ন ধরনের রাসায়নিক দ্রব্য ও ধুলা গ্রহণ করা; এবং<br>(ঘ) বিভিন্ন প্লাস্টিক ও রাবারের দ্রব্যাদি তৈরীর জন্য নানা ধরনের ছাঁচ ব্যবহার করা। | (ক) শুষ্ক কাশি;<br>(খ) নিউমোনিয়া;<br>(গ) হাপাঁনি (এ্যাজমা);<br>(ঘ) দীর্ঘস্থায়ী ফুসফুসের প্রদাহ;<br>(ঙ) যকৃতের দুরারোগ্য ব্যাধি; এবং<br>(চ) মূত্রাশয় ক্যানসার। |
| ১০। | লবণ তৈরী (Salt refining)। | (ক) লবণে আয়োডিন সংমিশ্রণ করা; এবং<br>(খ) লবণ মাপা ও মোড়কজাত করা। | (ক) রক্তশূন্যতা;<br>(খ) শরীর ফুলে যাওয়া;<br>(গ) চামড়ায় চুলকানি জনিত প্রদাহ,<br>(ঘ) এলার্জি;<br>(ঙ) ঘষাজনিত চামড়ার প্রদাহ;<br>(চ) হাতে-পায়ে ফাঙ্গাস ও ব্যাকটেরিয়া জনিত সংক্রমণ; এবং<br>(ছ) ক্ষুধামন্দা, বমি বমি ভাব ও বমি হওয়া। |
| ১১। | সাবান বা ডিটারজেন্ট তৈরী (Manufacturing of soap or detergent)। | (ক) পশুর চর্বি, কার্বলিক এসিড ও গ্লিসারিনের সংমিশ্রণ তৈরী করা; এবং<br>(খ) সাবান তৈরী ও মোড়কজাত করা। | (ক) চুলকানি জনিত চামড়ার প্রদাহ;<br>(খ) হাতের আঙ্গুল ও পায়ের আঙ্গুলে ক্ষত;<br>(গ) অসহ্য কাশি;<br>(ঘ) নিউমোনিয়া;<br>(ঙ) ফুসফুসের প্রদাহ বা দীর্ঘস্থায়ী প্রদাহ; এবং<br>(চ) হাঁপানি (এ্যাজমা)। |
| ১২। | স্টীল ফার্নিচার বা গাড়ী বা মেটাল ফার্নিচার রং করা (Steel furniture or car or metal furniture painting)। | (ক) নিরাপত্তা সরঞ্জাম ছাড়া দীর্ঘ সময় বিভিন্ন রাসায়নিক দ্রব্যের সংস্পর্শে কাজ করা;<br>(খ) স্টীলের টুকরো পরিষ্কার করা, স্টীল পলিশ করা ও রং লাগানো;<br>(গ) শ্বাস-প্রশ্বাসের মাধ্যমে সীসা ও বিষাক্ত রাসায়নিক দ্রব্য ও ধাতব গুড়া গ্রহণ করা; এবং<br>(ঘ) অস্বাস্থ্যকর পরিবেশে কাজ করা। | (ক) দেহে সীসা প্রবেশজনিত বিষক্রিয়া;<br>(খ) বমি বমি ভাব ও বমি হওয়া;<br>(গ) পেটে ব্যথা;<br>(ঘ) যকৃতের প্রদাহ;<br>(ঙ) ঘনকাশি ও রক্তকাশি;<br>(চ) হাঁপানি (এ্যাজমা);<br>(ছ) ফুসফুসের প্রদাহ;<br>(জ) হাতে ও পায়ে ক্ষত;<br>(ঝ) সীসার কারণে ঘর্ষণজনিত চামড়ার প্রদাহ ও চামড়ার ক্যান্সার; এবং<br>(ঞ) এলার্জি। |

| ক্রমিক নং | পেশার ধরন বা ক্ষেত্র | অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজ | শারীরিক, মানসিক ও পারিপার্শ্বিক প্রভাব |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১৩। | চামড়াজাত দ্রব্যাদি তৈরী (Tanning and dressing of leather.)। | (ক) এসিড ও রাসায়নিক দ্রব্য ব্যবহারের মাধ্যমে চামড়া প্রক্রিয়াজাত করা;<br>(খ) নিরাপত্তা সরঞ্জাম ব্যবহার না করিয়া ক্ষতিকারক রাসায়নিক দ্রব্যাদির সংস্পর্শে কাজ করা; এবং<br>(গ) অস্বাস্থ্যকর ও ভীষণ দুর্গন্ধের মধ্যে কাজ করা। | (ক) এনথ্রাক্সজনিত কারণে হাতে ও পায়ে বেদনাদায়ক ঘাঁ;<br>(খ) জ্বর;<br>(গ) অত্যধিক শারীরিক দুর্বলতা;<br>(ঘ) চামড়ার প্রদাহ;<br>(ঙ) ফাঙ্গাস জনিত প্রদাহ;<br>(চ) আঙ্গুলের মাঝে ঘাঁ;<br>(ছ) ডায়রিয়া; এবং<br>(জ) ক্ষুধামন্দা ও বমি। |
| ১৪। | ওয়েলডিং বা গ্যাস বার্নার (Welding works or gas burner mechanic)। | (ক) লোহা কাটা ও বিভিন্ন আকৃতি তৈরী করা এবং গ্রীল, জানালা ও দরজা তৈরী করা;<br>(খ) ধাঁরালো যন্ত্রপাতি ও মেশিন ব্যবহার করা;<br>(গ) আগুনের শিখার সংস্পর্শে কাজ করা;<br>(ঘ) বিভিন্ন ধাতুর গুড়া শ্বাস-প্রশ্বাসের সহিত গ্রহণ করা;<br>(ঙ) ক্ষতিকারক গ্যাস দিয়া কাজ করা; এবং<br>(চ) নিরাপত্তা সরঞ্জাম ব্যতীত ওয়েল্ডিং এর কাজ করা। | (ক) চোখ নষ্ট হওয়া;<br>(খ) চোখে জ্বালাপোড়া;<br>(গ) চোখ লাল হওয়া;<br>(ঘ) চোখ চুলকানো;<br>(ঙ) চোখের প্রদাহ;<br>(চ) অন্ধত্ব;<br>(ছ) চামড়ায় জ্বালাপোড়া;<br>(জ) হাতে ও পায়ে keloid তৈরী;<br>(ঝ) ফুসফুসে দ্রুত পানি আসা;<br>(ঞ) নিউমোনিয়া;<br>(ট) শ্বাসকষ্ট;<br>(ঠ) হাতে ও পায়ে ঘা;<br>(ড) বিদ্যুৎ স্পৃষ্ট হইয়া পুড়িয়া যাওয়া;<br>(ঢ) দাহ্য পদার্থ দ্বারা দুর্ঘটনা;<br>(ণ) নিশ্বাসজনিত নিউমোনিয়া ও শ্বাস কষ্ট; এবং<br>(ত) যান্ত্রিক আঘাত। |
| ১৫। | কাপড়ের রং ও ব্লীচ করা (Dyeing or bleaching of textiles)। | (ক) বিভিন্ন ধরনের রাসায়নিক দ্রব্যাদি মোড়কজাত পরিমাপ ও বিক্রি করা; এবং<br>(খ) কোন ধরনের নিরাপত্তা সরঞ্জাম ছাড়া রাসায়নিক দ্রব্যাদির সংস্পর্শে কাজ করা ও স্পর্শ করা। | (ক) হাতে ও পায়ে ব্যথাজনিত ঘা;<br>(খ) জ্বর;<br>(গ) অত্যাধিক শারীরিক দুর্বলতা; এবং<br>(ঘ) চামড়ার প্রদাহ ও ফাঙ্গাস সংক্রমণ। |

| ক্রমিক নং | পেশার ধরন বা ক্ষেত্র | অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজ | শারীরিক, মানসিক ও পারিপার্শ্বিক প্রভাব |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১৬। | জাহাজ ভাঙ্গা (Ship breaking)। | (ক) ট্যাংকার হইতে জ্বালানী তৈল সংগ্রহ করা;<br>(খ) ব্যারেল ও কন্টেইনারে হইতে জ্বালানী তৈল সংগ্রহ করা; এবং<br>(গ) স্টীলের শীট সংগ্রহ ও বহন করা। | (ক) শরীরের চামড়ায় ও চোখে জখম;<br>(খ) চোখ হইতে পানি পড়া;<br>(গ) পিঠে ব্যথা; এবং<br>(ঘ) শ্রবণশক্তি লোপ। |
| ১৭। | চামড়ার জুতা তৈরী (Manufacturing of leather footwear)। | (ক) বিভিন্ন ধরনের জুতা তৈরীর জন্য চামড়ার টুকরো পরিষ্কার করা, বিভিন্ন আকৃতি তৈরী করা, পলিশ করা এবং কাটা ও সেলাই করা;<br>(খ) ধাঁরালো যন্ত্রপাতি, বিভিন্ন ধরনের রাসায়নিক দ্রব্যাদি ও রং ব্যবহার করা;<br>(গ) শ্বাস-প্রশ্বাসের সহিত রাবারের গুড়া গ্রহণ করা; এবং<br>(ঘ) আবদ্ধ পরিবেশে ও স্বল্প আলো-বাতাসে দীর্ঘ সময় কাজ করা। | (ক) হাতে ও পায়ে ব্যথাদায়ক ক্ষত;<br>(খ) জ্বর;<br>(গ) অত্যাধিক শারীরিক দুর্বলতা;<br>(ঘ) চামড়ার প্রদাহ ও ফাঙ্গাস সংক্রমণ;<br>(ঙ) হাত ও পায়ের আঙ্গুলে ঘা;<br>(চ) ডায়রিয়া; এবং<br>(ছ) বমি বমি ভাব ও বমি হওয়া। |
| ১৮। | ভলকানাইজিং (Vulcanizing)। | (ক) গাড়ির চাকা মেরামত ও সার্ভিসিং কাজে সিনিয়র কারিগরকে সহায়তা করা;<br>(খ) ভারী চাকা বহন করা;<br>(গ) ধাঁরালো যন্ত্রপাতি ব্যবহার করা; এবং<br>(ঘ) গ্যাস সিলিন্ডার ব্যবহার করা। | (ক) দুর্ঘটনাজনিত আঘাত;<br>(খ) ঘর্ষণজনিত আঘাত;<br>(গ) গিরায় ব্যথা;<br>(ঘ) বাত; এবং<br>(ঙ) হারনিয়া। |

| ক্রমিক নং | পেশার ধরন বা ক্ষেত্র | অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজ | শারীরিক, মানসিক ও পারিপার্শ্বিক প্রভাব |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১৯। | মেটাল কারখানা (Metal works)। | (ক) ভারী ও ধাঁরালো যন্ত্রপাতি এবং রাসায়নিক দ্রব্যাদি ব্যবহার করিয়া মেটালের টুকরো কাটা ও বিভিন্ন আকৃতি তৈরী করা;<br>(খ) রং করার জন্য বিভিন্ন রাসায়নিক পদার্থ ব্যবহার করা; এবং<br>(গ) শ্বাস-প্রশ্বাসের সহিত রাসায়নিক দ্রব্য ও মেটালের গুড়া গ্রহণ করা। | (ক) দুর্ঘটনা জনিত আঘাত;<br>(খ) মাথা ব্যথা;<br>(গ) বমি বমি ভাব;<br>(ঘ) পায়ের রগ ফুলিয়া যাওয়া;<br>(ঙ) চোখে চুলকানি;<br>(চ) চোখে পানি আসা; এবং<br>(ছ) দৃষ্টিশক্তি লোপ পাওয়া। |
| ২০। | জিআই শীট বা চুনাপাথর বা চক সামগ্রীর কাজ (Manufacturing of Gl sheet products or limestone or chalk products)। | (ক) প্রচণ্ড তাপে কাজ করা;<br>(খ) উত্তপ্ত পদার্থ এবং জ্বলন্ত ও ভারী যন্ত্রপাতির ব্যবহার করা;<br>(গ) উচ্চ শব্দের মধ্যে কাজ করা;<br>(ঘ) বিভিন্ন ধরনের রাসায়নিক দ্রব্যাদি ওজন ও বিক্রি করা;<br>(ঙ) বিভিন্ন রাসায়নিক দ্রব্যাদির সংস্পর্শে কাজ করা;<br>(চ) কোন নিরাপত্তা সরঞ্জাম ব্যতীত খালি হাতে রাসায়নিক দ্রব্য নাড়াচাড়া করা;<br>(ছ) প্লাস্টিক মন্ড ব্যবহার করা; এবং<br>(জ) শ্বাস-প্রশ্বাসের সহিত রাসায়নিক দ্রব্যাদির সূক্ষ্ম কণা গ্রহণ করা। | (ক) ক্রমাগত মাথা ব্যথা;<br>(খ) বমি হওয়া;<br>(গ) দৃষ্টিশক্তি লোপ;<br>(ঘ) শ্রবণশক্তি লোপ;<br>(ঙ) দুর্ঘটনাজনিত আঘাত;<br>(চ) শরীরের চামড়া পুড়িয়া যাওয়া;<br>(ছ) হাতে ও পায়ে ক্ষত; এবং<br>(জ) শ্বাস কষ্ট। |
| ২১। | স্পিরিট ও এলকোহলজাত দ্রব্যাদি প্রক্রিয়াকরণ (Rectifying or blending of spirit & alcohol)। | (ক) রাসায়নিক দ্রব্যাদি লইয়া কাজ করা;<br>(খ) অস্বাস্থ্যকর পরিবেশে কাজ করা; এবং<br>(গ) বিভিন্ন রাসায়নিক রং ব্যবহার করা। | (ক) মাথা ব্যথা;<br>(খ) বমি হওয়া; এবং<br>(গ) শ্বাসকষ্ট। |

| ক্রমিক নং | পেশার ধরন বা ক্ষেত্র | অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজ | শারীরিক, মানসিক ও পারিপার্শ্বিক প্রভাব |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ২২। | জর্দা ও তামাক বা কুইবাম তৈরী (Manufacturing of jarda and quivam)। | (ক) অস্বাস্থ্যকর পরিবেশে কাজ করা;<br>(খ) রাসায়নিক দ্রব্যাদি লইয়া কাজ করা;<br>(গ) ধাঁরালো টিনের সরঞ্জামাদি ব্যবহার করা; এবং<br>(ঘ) উচ্চ শব্দের মধ্যে কাজ করা। | (ক) মাথা ব্যথা;<br>(খ) বমি হওয়া;<br>(গ) চামড়া পুড়িয়া যাওয়া;<br>(ঘ) হাতে ও পায়ে সংক্রমণ ও ঘা; এবং<br>(ঙ) শ্বাস কষ্ট। |
| ২৩। | কীটনাশক তৈরী (Manufacturing of pesticides)। | (ক) অস্বাস্থ্যকর পরিবেশে কাজ করা; এবং<br>(খ) বিভিন্ন ধরনের রাসায়নিক দ্রব্যাদি লইয়া কাজ করা। | (ক) মাথা ব্যথা;<br>(খ) বমি হওয়া;<br>(গ) চামড়া পুড়িয়া যাওয়া;<br>(ঘ) হাত ও পায়ে সংক্রমণ ও ঘা; এবং<br>(ঙ) শ্বাস কষ্ট। |
| ২৪। | স্টীল ও মেটাল কারখানার কাজ (Iron and steel foundry or casting of iron and steel)। | (ক) লোহার গুড়া ও লোহার কণার সংস্পর্শে আসা;<br>(খ) উচ্চ শব্দ ও নোংরা পরিবেশে কাজ করা;<br>(গ) লেদ মেশিনে নাট ও বোল্ট তৈরীর কাজ করা;<br>(ঘ) ভারী ও ধারালো যন্ত্রপাতি ব্যবহার করিয়া মেটাল ও স্টীল কাটা এবং বিভিন্ন আকৃতি তৈরী করা; এবং<br>(ঙ) ধুলাবালির মধ্যে কাজ করা। | (ক) মাথা ব্যথা<br>(খ) বমি হওয়া; এবং<br>(গ) চামড়া পুড়িয়া যাওয়া। |
| ২৫। | আতশবাজী তৈরী (Fire works)। | (ক) উত্তপ্ত গ্যাস ব্যবহার করিয়া কাজ করা;<br>(খ) কোন নিরাপত্তা সরঞ্জাম ব্যতীত ধারালো ও উত্তপ্ত যন্ত্রপাতি লইয়া কাজ করা; এবং<br>(গ) অত্যাধিক গরমে কাজ করা। | (ক) মাথা ব্যথা;<br>(খ) বমি হওয়া; এবং<br>(গ) শ্বাস কষ্ট। |

| ক্রমিক নং | পেশার ধরন বা ক্ষেত্র | অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজ | শারীরিক, মানসিক ও পারিপার্শ্বিক প্রভাব |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ২৬। | সোনার দ্রব্যাদি বা ইমিটেশন বা চুড়ী তৈরীর কারখানায় কাজ (Manufacturing of jewellery and imitation ornaments or bangles factory or goldsmith)। | (ক) রাসায়নিক দ্রব্য ও বিভিন্ন ধরনের উত্তাপক গ্যাস ব্যবহার করিয়া কাজ করা;<br>(খ) মেটাল দ্রব্যাদি কাটা ও বিভিন্ন আকৃতি তৈরী করা;<br>(গ) শ্বাস-প্রশ্বাসের সহিত বিভিন্ন ধরনের রাসায়নিক পদার্থ গ্রহণ করা;<br>(ঘ) কাঁচ, মেটাল ও প্লাস্টিক পরিষ্কার ও গুড়া করা;<br>(ঙ) রাসায়নিক প্লাস্টিক ও কাঁচ ব্যবহার করিয়া গলানো ও যুক্ত করিবার কাজ করা;<br>(চ) সরাসরি অগ্নিশিখা ও রাসায়নিক প্লাস্টিক ধোঁয়ার সংস্পর্শে কাজ করা;<br>(ছ) অস্বাভাবিক দেহ ভঙ্গিতে দৃষ্টি ও হাতের সর্বোচ্চ সমন্বয়ে কাজ করা;<br>(জ) বিপদজনক নাইট্রিক ও সালফিউরিক এসিডের আগুন ব্যবহার করিয়া স্বর্ণ গলানো ও আকৃতি তৈরী করা; এবং<br>(ঝ) অপর্যাপ্ত ভেন্টিলেশনে ও স্বল্প আলোতে ছোট জায়গায় এবং আগুন লইয়া কাজ করা। | (ক) মাথা ব্যথা;<br>(খ) বমি হওয়া;<br>(গ) শ্বাস কষ্ট;<br>(ঘ) দৃষ্টিশক্তির সমস্যা;<br>(ঙ) চোখ চুলকানো;<br>(চ) চোখে পানি পড়া;<br>(ছ) ক্ষুধামন্দা;<br>(জ) ওজন কমিয়া যাওয়া;<br>(ঝ) শারীরিক ও মানসিক বৃদ্ধিতে ব্যাঘাত;<br>(ঞ) চোখে জ্বালাপোড়া করা; এবং<br>(ট) দুর্ঘটনাজনিত আঘাত। |
| ২৭। | ট্রাক বা টেম্পো বা বাস হেল্পার (Truck or tempo or bus helper)। | (ক) সরাসরি রৌদ্রের মাঝে ট্রাক বা টেম্পো বা বাস হেল্পার হিসেবে কাজ করা;<br>(খ) বিভিন্ন ধরনের গাড়ীর ধোঁয়া সরাসরি শ্বাস-প্রশ্বাসের সহিত গ্রহণ করা; এবং<br>(গ) অনিয়মিত খাবার গ্রহণ। | (ক) সড়ক দুর্ঘটনা ;<br>(খ) পাকস্থলিতে ঘা;<br>(গ) ক্ষুধামন্দা;<br>(ঘ) বমি বমি ভাব;<br>(ঙ) ওজন কমিয়া যাওয়া;<br>(চ) কোষ্ঠকাঠিণ্য;<br>(ছ) মাথা ব্যথা;<br>(জ) শ্রবণশক্তি ক্ষতিগ্রস্থ হওয়া;<br>(ঝ) মূত্রনালীতে সংক্রমণ; এবং<br>(ঞ) শারিরীক ও মানসিক বৃদ্ধি ব্যাঘাত। |

| ক্রমিক নং | পেশার ধরন বা ক্ষেত্র | অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজ | শারীরিক, মানসিক ও পারিপার্শ্বিক প্রভাব |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ২৮। | স্টেইনলেস স্টীল সামগ্রী তৈরী (Stainless steel mill, cutlery)। | (ক) উচ্চ শব্দের মধ্যে ও শ্বাসরোধকর গতিবেগে কাজ করা; এবং<br>(খ) ধাঁরালো যন্ত্রপাতি এবং অতিরিক্ত গরমে লোহার কণা ও রাসায়নিক দ্রব্যাদির সংস্পর্শে কাজ করা । | (ক) দুর্ঘটনাজনিত আঘাত;<br>(খ) খুসখুসে কাশি;<br>(গ) ফুসফুসে প্রদাহ;<br>(ঘ) হাঁপানি;<br>(ঙ) শ্রবণশক্তি বাধাগ্রস্থ হওয়া;<br>(চ) ঘর্ষণজনিত চামড়ার প্রদাহ; এবং<br>(ছ) হাত ও পায়ে ক্ষত। |
| ২৯। | ববিন ফ্যাক্টরীতে কাজ (Bobbin factory)। | (ক) কাঠ কাটা ও বিভিন্ন আকৃতি তৈরী করা, পলিশ ও রং করা;<br>(খ) কাঠের গুড়া ও ধুলাবালি শ্বাস-প্রশ্বাসের সহিত গ্রহণ করা;<br>(গ) খালি হাতে স্পিরিট ও অন্যান্য রাসায়নিক দ্রব্যাদি ব্যবহার করা;<br>(ঘ) কাঠের বিভিন্ন দ্রব্যাদি ও আসবাবপত্র বার্ণিস করা;<br>(ঙ) ধাঁরালো যন্ত্রপাতি লইয়া কাজ করা; এবং<br>(চ) গাছের বৃহৎ কাণ্ড বা খণ্ড বহন করা। | (ক) দুর্ঘটনাজনিত আঘাত;<br>(খ) আঘাত জনিত সংক্রমণ;<br>(গ) ঠাণ্ডাকাশি;<br>(ঘ) ফুসফুসে প্রদাহ;<br>(ঙ) অ্যাজমা; এবং<br>(চ) নাকের ভিতরে ক্যান্সার। |
| ৩০। | তাঁতের কাজ (Weaving worker)। | (ক) তাঁত বোনা ও রং ব্যবহার করা;<br>(খ) চোখের তীক্ষ্ণ ব্যবহার করিয়া কাজ করা;<br>(গ) দীর্ঘ সময় ধরিয়া অপর্যাপ্ত ভেন্টিলেশনে ও অল্প আলোতে কাজ করা; এবং<br>(ঘ) তাঁতের ফ্রেম ব্যবহার করা। | (ক) চোখে ব্যথা;<br>(খ) চোখে অতিরিক্ত পানি পড়া;<br>(গ) দৃষ্টিশক্তির ব্যাঘাত;<br>(ঘ) মাথা ব্যথা;<br>(ঙ) মাথা ঘোরা;<br>(চ) বাত;<br>(ছ) শ্বাসকষ্ট; এবং<br>(জ) স্নায়ুবিক সমস্যা। |

| ক্রমিক নং | পেশার ধরন বা ক্ষেত্র | অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজ | শারীরিক, মানসিক ও পারিপার্শ্বিক প্রভাব |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৩১। | ইলেকট্রিক মেশিনের কাজ (Electric mechanic)। | (ক) ইলেকট্রিশিয়ানকে সকল ধরণের বৈদ্যুতিক কাজে সহায়তা করা;<br>(খ) ভারী ও ধাঁরালো যন্ত্রপাতি ব্যবহার করা;<br>(গ) যথাযথ নিরাপত্তা সরঞ্জাম ব্যতীত কাজ করা; এবং<br>(ঘ) বিদ্যুত স্পৃষ্ট হইবার ঝুঁকিতে থাকা। | (ক) বৈদ্যুতিক দুর্ঘটনা;<br>(খ) বিদ্যুৎ স্পৃষ্ট হওয়া;<br>(গ) এ্যাজবেসটোমিস; এবং<br>(ঘ) ফুসফুসে দীর্ঘমেয়াদী প্রদাহ। |
| ৩২। | বিস্কুট বা বেকারী কারখানার কাজ (Biscuit factory or bakery)। | (ক) আটা, বেকিং পাউডার ও চিনি মিশানো;<br>(খ) আগুনের চুল্লীতে কাজ করা;<br>(গ) চুলায় বেকিং ট্রে প্রবেশ এবং বাহির করা; এবং<br>(ঘ) দিন বা রাত উভয় সিফটে দীর্ঘ সময় কাজ করা। | (ক) মাথা ব্যথা;<br>(খ) বমি হওয়া;<br>(গ) দৃষ্টি শক্তি সমস্যা;<br>(ঘ) ক্ষুধামন্দা;<br>(ঙ) পাকস্থলিতে ঘা;<br>(চ) কোষ্ঠকাঠিণ্য;<br>(ছ) পাকস্থলিতে প্রদাহ; এবং<br>(জ) যকৃতে প্রদাহ। |
| ৩৩। | সিরামিক কারখানার কাজ (Ceramic factory)। | (ক) প্রচন্ড তাপের মাঝে কাজ করা; এবং<br>(খ) রাসায়নিক সিলিকা জাতীয় দ্রব্যাদি ব্যবহার করা। | (ক) সিলিকসিস;<br>(খ) ফুসফুসে ক্যান্সার; এবং<br>(গ) কণ্ঠনালীতে ক্যান্সার। |
| ৩৪। | নির্মাণ কাজ (Construction)। | (ক) পাথর ভাঁঙ্গা ও ইট-ভাটায় কাজ করা;<br>(খ) রাজমিস্ত্রীকে সহযোগীতা করা;<br>(গ) ভারী জিনিস বহন করা;<br>(ঘ) নিরাপত্তা সরঞ্জাম ছাড়া কাজ করা; এবং<br>(ঙ) সরাসরি রৌদ্রে কাজ করা। | (ক) দুর্ঘটনাজনিত আঘাত;<br>(খ) ঘর্ষণজনিত আঘাত;<br>(গ) ধনুষ্টংকার (টিটেনাস);<br>(ঘ) বাত;<br>(ঙ) হারনিয়া;<br>(চ) শ্বাসকষ্ট;<br>(ছ) যক্ষা;<br>(জ) ঘর্ষণজনিত চামড়ার রোগ; এবং<br>(ঝ) হাত ও পায়ে ঘা। |
| ৩৫। | কেমিক্যাল ফ্যাক্টরীতে কাজ (Chemical factory)। | (ক) রাসায়নিক দ্রব্যাদি লইয়া কাজ করা;<br>(খ) রাসায়নিক দ্রব্যের সংস্পর্শে আসা;<br>(গ) শারীরিক বিভিন্ন ভঙ্গিমায় দীর্ঘ সময় প্রচন্ড শব্দের মধ্যে কাজ করা, এবং<br>(ঘ) ভারী বোঝা বহন করা। | (ক) চামড়ার প্রদাহ;<br>(খ) হাতে ও পায়ে ঘা;<br>(গ) গিরায় ব্যথা;<br>(ঘ) বাত;<br>(ঙ) বিকলাঙ্গ; এবং<br>(চ) শ্বাসতন্ত্রের রোগ। |

| ক্রমিক নং | পেশার ধরন বা ক্ষেত্র | অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজ | শারীরিক, মানসিক ও পারিপার্শ্বিক প্রভাব |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৩৬। | কসাই এর কাজ (Butcher)। | (ক) রক্তের মাঝে অস্বাস্থ্যকর পরিবেশে কাজ করা;<br>(খ) ধাঁরালো যন্ত্রপাতি ব্যবহার করা; এবং<br>(গ) নিয়মিত গরু বা ছাগল কাটা। | (ক) চামড়ার রোগ; যেমন-খোস পাচড়া;<br>(খ) দাঁদ (একঁজিমা);<br>(গ) হাতে ও পায়ে ঘা; এবং<br>(ঘ) হৃদরোগ। |
| ৩৭। | কামারের কাজ (লোহা বা লৌহ পেটানোর কাজ) (Blacksmith। | (ক) ধারালো যন্ত্রপাতি ও হাতুড়ির সাহায্যে লোহা পরিষ্কার করা, গলানো ও বিভিন্ন আকৃতি প্রদান করা। এবং<br>(খ) প্রচণ্ড আওয়াজ, তাপ, অগ্নি স্ফুলিঙ্গ ও ধোঁয়ার সংস্পর্শে কাজ করা। | (ক) শ্রবণ যন্ত্রে সমস্যা;<br>(খ) হাত, হাটু ও কনুইয়ের বিকৃতি;<br>(গ) গিরায় ব্যথা;<br>(ঘ) বাত;<br>(ঙ) ফাঙ্গাসজনিত প্রদাহ;<br>(চ) ঘর্ষণজনিত চামড়ার প্রদাহ;<br>(ছ) Tenosynvitis; Bursitis; এবং<br>(জ) দুর্ঘটনার কারণে; হাত, পা ও চোখে ক্ষত। |
| ৩৮। | বন্দরে এবং জাহাজে মালামাল হ্যান্ডলিংয়ের কাজ (Handling of goods in the ports and ships)। | ভারী মালামাল উঠানো-নামানো এবং বহন করা। | (ক) দুর্ঘটনাজনিত আঘাত;<br>(খ) গিরায় ব্যথা ও ফুলে যাওয়া;<br>(গ) দৈহিক আঘাত; এবং<br>(ঘ) বিস্ফোরণ জনিত দুর্ঘটনা। |

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মোঃ হুমায়ুন কবীর**
সিনিয়র সহকারী প্রধান